যুগান্তর

তারিখ 06 AUG 2015
পৃষ্ঠা 2 কলাম

# ইস্ট ওয়েস্ট ভার্সিটিতে একচ্যুরিয়াল সায়েন্স বিষয়ক সেমিনার

দেশের প্রায় সব বীমা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক, প্রধান নির্বাহী কর্মকর্তার অংশগ্রহণে মঙ্গলবার ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ফলিত পরিসংখ্যান বিভাগ একচ্যুরিয়াল সায়েন্স বিষয়ক সেমিনারের আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান এম শেফাক আহমেদ। আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে এ সেমিনারে বিশেষ অতিথি ছিলেন সাধারণ বীমা কর্পোরেশনের চেয়ারম্যান ডক্টর মোহাম্মদ সোহরাব উদ্দিন ও ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আহমদ শফি। স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য এবং ফলিত পরিসংখ্যান বিভাগের উপদেষ্টা, অধ্যাপক ডক্টর এম মোসলেহ উদ্দিন। সভাপতিত্ব করেন ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। সংবাদ বিজ্ঞপ্তি।